# 292730 - গোসেল ভঙ্গরে কারণগুলো কি কি?

প্রশ্ন

আমার নখ যদি লম্বা থাকে ও অপ রিচ্ছিন্ন থাকে তাহলে কি আমার গোসেল বাতিল হয়ে যাবে? গোসেলকালীন সময়ে যা কিছু গোসেলকে বাতিল করে দেয়ে আমি ঐ বিষয়গুলো জানতে চাই। উদাহরণতঃ গোসেলকালীন সময়ে পানি ফ্লোরে পড়ে ছিটো আসা। এতে করে কি গোসেল বাতিল হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

গোসেল সহিহ হওয়ার জন্য কিছু শর্ত আছে। যদি এ শর্তগুলো পূরণ না হয় তাহলে গোসেল বাতিল হয়ে যাবে। শর্তগুলো হচ্ছে:

প্রথম শর্ত: নিয়ত

রাসূলুল্লাহ্‌সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলনে: "প্রত্যকে আমল নিয়ত অনুযায়ী (ধর্তব্য) হয়। প্রত্যকে ব্যক্তি যা নিয়ত করে সটোই তার প্রাপ্য।"[সহিহ বুখারী (১) ও সহিহ মুসলিম (১৯০৭)]

তাই তার গোসেলরে শুরুতে এ গোসেলরে মাধ্যমে জানাবাত (অপবিত্রতা) উত্তোলন করার নিয়ত করতে হবে।

শাইখ ইয্যুদ্দীন বিন আব্দুস সালাম (রহঃ) বলনে:

নিয়তরে উদ্দশ্যে হচ্ছে– ইবাদতগুলোকে অভ্যাসসমূহ থকে পৃথক করা কিংবা ইবাদতগুলো থকে অভ্যাসগুলোকে পৃথক করার সময় ইবাদতগুলোর স্তরভদে নির্ধারণ করা। এর কিছু উদাহরণ হল:

১। আল্লাহ্‌র নকৈট্য হাছলিরে উদ্দশ্যে যমেন গোসেল করা হয়; সটো হল নাপাকি থকে; আবার মানুষরে বিভিন্ন উদ্দশ্যে যমেন- ঠাণ্ডা লাভ, পরিচ্ছন্নতা অর্জন, চিকিৎসা কন্দ্রেকি কিংবা ময়লা-আবর্জনা দূর করা ইত্যাদি উদ্দশ্যে থকেও গোসেল করা হয়। এই উদ্দশ্যেগুলোর প্রক্ষেতিতে যহেতেু গোসেল করা হয়ে থাকে তাই কোনটি আল্লাহ্‌র নকৈট্য হাছলিরে জন্য করা হয় আর কোনটি মানুষরে নানা উদ্দশ্যে থকে করা হয় সটো পৃথক করা আবশ্যকীয়।[কাওয়ায়দুেল আহকাম (১/২০) থকে সমাপ্ত]

গবষেণা ও ফতোয়া বষিয়ক স্থায়ী কমটিকিে জজ্ঞিসে করা হয়ছেলি:

আমি পবত্রি অবস্থায় গোসল করছেি বধিায় বড় অপবত্রিতা দূর করার নয়িত করনি।ি গোসল করার শষেে আমার মনে পড়ল যে, গোসল করার আগে আমি জুনুব (অপবত্রি) ছলিাম। তাই আমার উপর কি পুনরায় গোসল করা আবশ্যকীয়; নাকি আমি ঐ গোসলরে মাধ্যমে পবত্রিতা লাভ করছে?ি

জবাবে তারা বলনে: যদি আপনি পরচ্ছিন্নতা অর্জন ও ঠাণ্ডা লাভরে নয়িতে গোসল করে থাকনে তাহলে আপনার উপর আবশ্যক পুনরায় বড় পবত্রিতা উত্তোলন করার নয়িতে গোসল করা। কনেনা আপনি প্রথম গোসলরে মাধ্যমে নয়িত করনেন।ি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেনে: "আমলগুলো নয়িত দ্বারা হয়ে থাক"ে।

[আল-লাজনাদ দায়মিা ললি বুহুছি ওয়াল ইফতা: সালহে আল-ফাওযান, আব্দুল আযযি আলে শাইখ, আব্দুল্লাহ্ বনি গাদইয়ান, আব্দুর রাজ্জাক আফফি,ি আব্দুল আযযি বনি আব্দুল্লাহ্ বনি বায। [ফাতাওয়াল লাজনাদ দায়মিা (৪/১৩৩) থকেে সমাপ্ত]

দ্বতিীয় শর্ত: গোসলরে পানি পবত্রি হওয়া

ইবনে আব্দুল বার (রহঃ) বলনে: পানি হয়িতো নাপাকি দ্বারা পরবির্তিত হবে কংিবা অন্য কছিু দ্বারা পরবির্তিত হব।ে যদি নাপাকি দ্বারা পরবির্তিত হয় তাহলে আলমেগণ ইজমা করছেনে য,ে সইে পানি অপবত্রি ও অ-পবত্রিকারী।[আত্-তামহীদ (১৯/১৬)]

তাই কউে যদি গোসল শুরু কর,ে এরপর খয়োল করে য,ে পানি নাপাক তাহলে তার কর্তব্য হল: পবত্রি পানি দয়িে পুনরায় গোসল করা।

পক্ষান্তরে যে পানরি ছটিা এসে পড়ে ও গোসলকারীর শরীর থকেে ফোঁটা ফোঁটা করে পড়ে সইে পানি পবত্রি।

ইবনুল মুনযরি (রহঃ) বলনে:

আলমেগণ এই মর্মে ইজমা করছেনে য,ে যে অপবত্রি ব্যক্তরি শরীররে অঙ্গ-প্রত্যঙ্গে নাপাকি নাই সে যদি তার মুখে ও হাতে পানি ঢালে এবং সে পানি তার উপর দয়ি,ে তার কাপড়রে উপর দয়িে গড়য়িে পড়ে সে পানি পবত্রি। কারণ সটো পবত্রি পানি পবত্রি শরীরে লগেছে...ে।

আলমেদরে ইজমার মধ্যে রয়ছেে য,ে ওযুকারী ও গোসলকারীর অঙ্গপ্রত্যঙ্গে লগেে থাকা পানি ও ফোঁটা ফোঁটা করে কাপড়রে উপর পড়া পানি পবত্রি: এটি ব্যবহৃত পানি পবত্রি হওয়ার দললি।[আল-আওসাত (১/২৮৮) থকেে সমাপ্ত]

যদি কোনে মুসলমি পবত্রি পানি দয়িে গোসল করে এবং সইে পানি পবত্রি ফ্লোররে উপর পড়ে অতঃপর সইে পানরি ছটিা

পুনরায় শরীরে পড়ে তাহলে সেটা গোসলের শুদ্ধতার উপর বা শরীরের পবিত্রতার উপর কোন প্রভাব ফেলবে না।

বর্তমান যুগের গোসলখানাগুলো: মলত্যাগের স্থান গোসলের স্থান থেকে আলাদা। তাই গোসলের স্থান নাপাক হয় না। গোসলের ফ্লোরের ব্যাপারে নেতিবাচক সন্দেহ ধর্তব্য নয়; যাতে করে ওয়াসওয়াসার পথ উন্মুক্ত না হয় এবং ফ্লোরে পড়া পানিকে কিংবা গোসলকালে গায়ে পড়া পানির ছিটাকে নাপাক বলে হুকুম দেয়া যায় না। হ্যাঁ; যে ফ্লোরে গোসল করা হচ্ছে সেই ফ্লোরে নাপাকি আছে মর্মে যদি জানা যায় তাহলে ভিন্ন কথা।

তৃতীয় শর্ত: গোটা দেহে পানি পৌঁছা। যাতে করে শরীরে এমন কিছু না থাকে যা পানি চামড়ায় পৌঁছা বা চুলে পৌঁছাকে বাধাগ্রস্ত করে। কারণ জানাবাত বা অপবিত্রতা গোটা দেহের সাথে সম্পৃক্ত।

ইমাম নববী বলেন: "তারা এই মর্মে ইজমা করেছেন যে, জানাবাত গোটা দেহে আপতিত হয়।"[আল-মাজমু (১/৪৬৭) থেকে সমাপ্ত]

তাই চামড়ার উপরে যদি কোন ডাক্তারি প্লাস্টার থাকে কিংবা চুলের উপর এমন কোন পদার্থ থাকে বা চামড়ার উপর থাকে যা পানি পৌঁছতে বাধা দেয় তাহলে এমতাবস্থায় গোসল শুদ্ধ হবে না। অবশ্যই এ জিনিসগুলো দূর করতে হবে যাতে করে গোসল শুদ্ধ হয়।

লম্বা নখের নীচে ময়লা থাকলে অধিকাংশ ক্ষেত্রে পানির তারল্যের কারণে সেটি নখের নীচে পানি পৌঁছতে বাধা সৃষ্টি করে না। যদি বাধা সৃষ্টি করে তাহলে সেটি যৎসামান্য বিধায় ক্ষমার্হ। তাছাড়া যেহেতু এটি মানুষের মাঝে ঘটাটা প্রসিদ্ধ; কিন্তু শরিয়ত ওযু বা গোসলকালে নখের নীচে পানি পৌঁছানো নিশ্চিত করার নির্দেশ দেয়নি।

ইমাম নববী (রহঃ) বলেন:

যদি নখের নীচে ময়লা থাকে: যদি তা কম হওয়ায় নখের নীচে পানি পৌঁছতে বাধা না দেয় তাহলে ওযু শুদ্ধ। আর যদি বাধা দেয়: সেক্ষেত্রে মুতাওয়াল্লি অকাট্যভাবে বলেছেন যে, যথেষ্ট হবে না এবং অপবিত্রতা দূর করবে না। যেমনিভাবে শরীরের অন্য জায়গায় ময়লা থাকলেও অপবিত্রতা দূর হত না।

আল-গাজালি "আল-ইহইয়া" গ্রন্থে নিশ্চিত করেন যে, যথেষ্ট হবে এবং ওযু-গোসল শুদ্ধ হবে এবং প্রয়োজনের কারণে এটি ক্ষমার্হ। তিনি বলেন: যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে নখ কাটার নির্দেশ দিতেন, নখের নীচের ময়লাকে অপছন্দ করতেন; কিন্তু পুনরায় নামায পড়ার নির্দেশ দেননি।[আল-মাজমু (১/২৮৭) থেকে সমাপ্ত]

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া (রহঃ) বলেন:

যদি যৎসামান্য নখের ময়লা পানি পৌঁছতে বাধা দেয় তাহলেও পবিত্রতা অর্জন শুদ্ধ হবে।[আল-ফাতাওয়া আল-কুবরা

(৫/৩০৩) থেকে সমাপ্ত]

এই পয়েন্টে আরও বেশি জানতে 265777 নং ও 27070 নং প্রশ্নোত্তরটি দেখুন।

চতুর্থ শর্ত: এটি আলেমদের মাঝে মতভেদপূর্ণ বিষয়। সেটি হচ্ছে— গোসলের অঙ্গগুলোর মাঝে পরম্পরা রক্ষা করা এবং দীর্ঘ সময়ের বিরতি না ঘটা।

ইবনে কুদামা (রহঃ) বলেন:

"অধিকাংশ আলেম গোসলের মধ্যে বিচ্ছিন্নতাকে গোসল বাতিলকারী হিসেবে মনে করেন না। তবে রবিআ বলেন: যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে তা করবে আমি মনে করি তার উপর পুনরায় গোসল করা আবশ্যক। লাইছও এ কথা বলেছেন। মালেক থেকে একাধিক অভিমত এসেছে। ইমাম শাফেয়ির ছাত্রদেরও এক অভিমত হচ্ছে এটি।

তবে জমহুর আলেম যে মতের উপর আছেন সেটাই উত্তম। গোসলে তারতীব বা ক্রমবিন্যাসই ওয়াজিব নয় সুতরাং পরম্পরাও ওয়াজিব নয়।[আল-মুগনী (১/২৯১-২৯২) সমাপ্ত]

শাইখ উছাইমীন (রহঃ) "যাদুল মুসতাকনি" গ্রন্থের ব্যাখ্যায় বলেন:

গ্রন্থাকারের কথার সরাসরি ভাব হল: গোসলে পরম্পরা শর্ত নয়। অতএব কেউ যদি তার শরীরের কিছু অংশ ধৌত করে এরপর দীর্ঘ সময় পর অবশিষ্ট অংশ ধৌত করে তাহলে তার গোসল সহিহ। এটাই মাযহাবের অভিমত।

কেউ কেউ বলেছেন: পরম্পরা রক্ষা করা শর্ত। এটি ইমাম আহমাদ থেকে বর্ণিত। বর্ণিত আছে: এটি ছাত্রদের অভিমত...।

এটি -অর্থাৎ পরম্পরা শর্ত হওয়াটা- অপেক্ষাকৃত শুদ্ধ অভিমত। কারণ গোসল গোটাটাই একটি ইবাদত। তাই গোসলের একাংশ অপরাংশের উপর পরম্পরার ভিত্তিতে সংঘটিত হওয়া অনিবার্য।

তবে, কেউ যদি ওযরের কারণে বিক্ষিপ্ত ভাগে গোসল করে; যেমন পানি শেষ হয়ে যাওয়ার কারণে এরপর যদি পানি পায় তাহলে প্রথমে যে অংশ ধুয়েছে পুনরায় সে অংশ ধোয়া আবশ্যক হবে না। বরঞ্চ অবশিষ্টাংশ পরিপূর্ণ করবে।[আল-শারহুল মুমতি (১/৩৬৫) থেকে সমাপ্ত]

তাই একজন মুসলিমের কর্তব্য নিজের গোসলের ব্যাপারে সাবধানতা অবলম্বন করা। গোসলের অংশগুলোর মাঝে লম্বা সময়ের বিচ্ছিন্নতা সৃষ্টি না করা; যাতে করে মতভেদের ঊর্ধ্বে থাকতে পারেন এবং নামাযের শুদ্ধতার ব্যাপারে সাবধানতা অবলম্বন করতে পারেন।

আল্লাহ্ই সর্বজ্ঞ।